**রেজিস্টার্ড নং ডি এ-১** **"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ১৪, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।**

## প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ১৯৫-আইন/২০২২।**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব করিয়া এতদ্দ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই বিধিমালা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন);

(খ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ কাউন্সিল বা কাউন্সিল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কাউন্সিলের চেয়ারম্যান, নির্বাহী পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী বা অন্য কোনো ব্যক্তি;

(গ) "তালিকাভুক্তি সনদ" অর্থ বিধি ১৪ এর অধীন নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম বরাবরে কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ;

(ঘ) "নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ" অর্থ এইরূপ কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহার নিকট রেজিস্টারভুক্ত বা নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত না হইলে বা উক্ত কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন না পাইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা জনস্বার্থ সংস্থা উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না;



**মূল্য :** টাকা ৪০.০০

(ঙ) "প্রয়োগকারী বিভাগ" অর্থ আইনের ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) এর অধীন ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের প্রয়োগকারী বিভাগ;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ছ) "ব্যক্তি" অর্থ যে কোনো ব্যক্তি, আইনগত ব্যক্তিসত্ত্বা (body corporate), নিরীক্ষক, নিরীক্ষা ফার্ম, তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম, নিরীক্ষা ফার্মের অংশীদার, জনস্বার্থ সংস্থা বা উহার পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী বা সহযোগী, ইত্যাদি; এবং

(জ) "বিশেষ নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম" অর্থ কাউন্সিল কর্তৃক নিরীক্ষা সংক্রান্ত অনিয়ম রোধকল্পে বা নিরীক্ষা কার্যক্রম পুনঃনিরীক্ষণের জন্য অর্থাৎ যে কোনো জনস্বার্থ সংস্থার আর্থিক প্রতিবেদন যাচাই-বাছাই ও নিরীক্ষা কর্মসম্পাদন ও বিশেষ নিরীক্ষা পরিচালনার উদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক স্বতঃপ্রণোদিত হইয়া তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের মধ্য হইতে উক্ত জনস্বার্থ সংস্থায় নিয়োগকৃত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **তালিকাভুক্তির আবেদন।**—(১) আইনের ধারা ৩১ এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা কার্যকর হইবার ৬ (ছয়) মাসের মধ্যে কাউন্সিল কর্তৃক, সময় সময়, জারীকৃত ও প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে তালিকাভুক্তির নিমিত্ত—

(ক) কোনো নিরীক্ষককে—

(অ) আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষার জন্য তফসিল-১ এর ফরম-১; ও

(আ) কস্ট নিরীক্ষার জন্য তফসিল-১ এর ফরম-২; এবং

(খ) কোনো নিরীক্ষা ফার্মকে—

(অ) আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষার জন্য তফসিল-১ এর ফরম-৩; ও

(আ) কস্ট নিরীক্ষার জন্য তফসিল-১ এর ফরম-৪;

অনুযায়ী হলফনামা সহকারে কাউন্সিলের নিকট লিখিতভাবে বা অনলাইনে বা উভয় পদ্ধতিতে আবেদন দাখিল করিতে হইবে।

(২) আইন ও বিধিতে বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে, কোনো চার্টার্ড একাউন্টেন্ট ব্যক্তিগতভাবে তালিকাভুক্তির জন্য তফসিল-১ এর ফরম-১ এবং চার্টার্ড একাউন্টেন্টগণের সমন্বয়ে গঠিত ফার্ম অংশীদারি ফার্ম হিসাবে তালিকাভুক্তির জন্য তফসিল-১ এর ফরম-৩ অনুযায়ী আবেদন করিতে পারিবে।

(৩) আইন ও বিধিতে বর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে, কোনো কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট ব্যক্তিগতভাবে তালিকাভুক্তির জন্য তফসিল-১ এর ফরম-২ এবং কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণের সমন্বয়ে গঠিত ফার্ম অংশীদারি ফার্ম হিসাবে তালিকাভুক্তির জন্য তফসিল-১ এর ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে পারিবে।

(৪) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে না পারিলে জরিমানা প্রদান সাপেক্ষে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবেন।

(৫) প্রতি বৎসর যে সকল নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক নূতনভাবে বা নূতন নামে নিরীক্ষা চর্চা সনদপত্র [Certificate of Practice (COP)] প্রাপ্ত হইবেন তাহারা উক্ত সনদ প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে কাউন্সিলে তালিকাভুক্তির জন্য আবেদন করিবেন।

(৬) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, নিরীক্ষক, আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা এবং নিরীক্ষক, কস্ট নিরীক্ষা এর সমন্বয়ে বা একত্রিতভাবে কোনো নিরীক্ষা ফার্ম কর্তৃক তালিকাভুক্তির জন্য আবেদন করা যাইবে না।

৪। **তালিকাভুক্তির জন্য দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি।**—(১) বিধি ৩ এর অধীন তালিকাভুক্তির আবেদন দাখিলের সময় আবেদনকারীকে সংশ্লিষ্ট ফরমে আবেদনপূর্বক নিম্নবর্ণিত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) নিরীক্ষকের ক্ষেত্রে—

(অ) সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য সনদ বা পেশাদারী একাউন্টেন্সি প্রতিষ্ঠানের পরীক্ষায় উত্তীর্ণের সনদ বা সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক উক্ত সনদের প্রত্যয়নপত্রের অনুলিপি;

(আ) নিরীক্ষকের কর সনাক্তকরণ নম্বর (E-TIN বা TIN) ও আয়কর প্রদানের হালনাগাদ প্রত্যয়নপত্র;

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষকের নামে বা নিরীক্ষা ফার্মের অংশীদার বা মালিকের নামে সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি;

(ঈ) তফসিল-৩ এ নির্ধারিত ফি জমার রসিদ;

(উ) নিরীক্ষকের ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি;

(ঊ) নিরীক্ষকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের অনুলিপি;

(খ) নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে—

(অ) নিরীক্ষা ফার্মের হালনাগাদ ফার্ম প্রোফাইল;

(আ) নিরীক্ষা ফার্মের শাখা অফিসের সংখ্যা, শাখার নাম, ঠিকানা, ই-মেইল, মোবাইল বা ফোন নম্বর এবং অংশীদারগণের বিস্তারিত বিবরণ;

(ই) সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা ফার্মের মালিক বা অংশীদারের নামে নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি;

(ঈ) অংশীদারি নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে অংশীদারি চুক্তি বা লিখিত চুক্তিপত্রের অনুলিপি;

(ড) নিরীক্ষা ফার্মের নামে ট্রেড লাইসেন্স বা ট্রেড লাইসেন্স নবায়নের হালনাগাদ কপি;

(ঊ) তফসিল-৩ এ নির্ধারিত ফি জমার রসিদ;

(ঋ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারগণের ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি;

(এ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের নাম, ঠিকানা, পদবি, নিরীক্ষা চর্চা সনদ এবং জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি;

(ঐ) নিরীক্ষা ফার্ম রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মে নিবন্ধিত হইলে উক্ত নিবন্ধন সনদের অনুলিপি; এবং

(ও) নিরীক্ষা ফার্ম ও অংশীদারগণের নামে আয়কর প্রদানের হালনাগাদ প্রত্যয়নপত্র ও ফার্মের নামে হালনাগাদ ভ্যাট দাখিলের স্বপক্ষে প্রত্যয়নপত্র।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কাউন্সিল, প্রয়োজন মনে করিলে, নিম্নবর্ণিত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি দাখিলের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ৮ এ উল্লিখিত প্রমাণাদির স্বপক্ষে দলিলাদি;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ১১ এ উল্লিখিত বিষয়াদি;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে, অন্য যে কোনো দলিলাদি বা সার্টিফিকেট বা লাইসেন্স বা চুক্তির অনুলিপি বা তালিকাভুক্তির বিষয়ে আবেদনকারীর সাক্ষাৎকার ও পরীক্ষা পদ্ধতি, ইত্যাদি;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, তফসিল-২ এ উল্লিখিত অতিরিক্ত যোগ্যতা ও তথ্যাদি;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নিকট দাখিলকৃত বিগত ১ (এক) বৎসরের নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বার্ষিক রিটার্ন (Annual Return) এর কপি;

(চ) আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম যদি আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো নিরীক্ষা সেবা, নিরীক্ষা সংক্রান্ত নেটওয়ার্কের অন্তর্ভুক্ত বা অংশ হয় তাহা হইলে উক্ত নেটওয়ার্কের বা প্রতিষ্ঠানের সহিত সম্পর্কের দালিলিক প্রমাণের কপি;

(ছ) বিগত ৩ (তিন) বৎসরে নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে পেশাদারী একাউন্টেন্সি প্রতিষ্ঠান বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছে কিনা সে সম্পর্কিত তথ্য বা প্রত্যয়নপত্র; এবং

(জ) কাউন্সিল কর্তৃক, সময় সময়, যাচিত অন্য কোনো তথ্য।

৫। **তালিকাভুক্তির মেয়াদ।**—আইন ও এই বিধিমালা সাপেক্ষে নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তির মেয়াদ হইবে ১ (এক) বৎসর।

৬। **তালিকাভুক্তির ফি।**—(১) প্রত্যেক নিরীক্ষক এবং ফার্মকে তালিকাভুক্তির আবেদনের সহিত কাউন্সিলের অনুকূলে পে-অর্ডার বা ক্রস চেকের মাধ্যমে বা ব্যাংকের হিসাবে তফসিল-৩ এ উল্লিখিত তালিকাভুক্তির ফি পরিশোধ করিতে হইবে।

(২) কোনো ব্যক্তি নিরীক্ষক হিসাবে তালিকাভুক্ত হইবার পর কোনো ফার্মের অংশীদার হইলে একই ব্যক্তিকে অংশীদার হিসাবে পুনরায় সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক তালিকাভুক্তি ফি বা পুনঃনবায়ন ফি পরিশোধ করিতে হইবে না।

(৩) তালিকা বহির্ভূত অংশীদারদের ক্ষেত্রে (যাহারা পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য কিন্তু নিরীক্ষা চর্চা সনদপত্রপ্রাপ্ত নহেন) নিরীক্ষকদের ন্যায় একই ফি প্রযোজ্য হইবে।

(৪) কোনো অংশীদারি নিরীক্ষা ফার্মের একাধিক শাখা থাকিলে প্রত্যেক শাখার জন্য আবেদনপত্রের সহিত উপ-বিধি (১) এ উল্লিখিত ফি'র অতিরিক্ত তফসিল-৩ এ উল্লিখিত ফি পরিশোধ করিতে হইবে।

(৫) বিলম্বিত তালিকাভুক্তির আবেদনের ক্ষেত্রে তফসিল-৩ এ উল্লিখিত বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।

(৬) অর্থ বৎসর অনুযায়ী (জুলাই হইতে জুন পর্যন্ত) ফি সংক্রান্ত বিষয়ে বৎসর গণনা হইবে।

(৭) বৎসরের যে কোনো সময় নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম তালিকাভুক্ত বা নবায়ন করা হইলে উহা সংশ্লিষ্ট বৎসরের ফি হিসাবে গণ্য হইবে।

৭। **নবায়নের আবেদন।**—(১) তালিকাভুক্তির তারিখ হইতে প্রত্যেক ১ (এক) বৎসর পূর্ণ হইবার ৩ (তিন) মাস পূর্বে সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি কাউন্সিলের নিকট জমাদানের মাধ্যমে নবায়নের জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত তালিকাভুক্তি প্রতি বৎসর অব্যাহত রাখিবার জন্য প্রত্যেক অর্থ বৎসর শেষ হইবার পূর্বে সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদসহ কাউন্সিল কর্তৃক যাচিত অন্যান্য দলিল বা সনদ জমা প্রদান করিতে হইবে।

(২) কাউন্সিল তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নবায়নের ক্ষেত্রে বিধি ৩ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ফরমের অনুরূপ ফরম ব্যবহার করিতে পারিবে।

(৩) নবায়নের ক্ষেত্রে, প্রয়োজন হইলে, কাউন্সিল সংশ্লিষ্ট আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মকে উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত দলিলাদি বা প্রমাণাদি দাখিল করিতে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৪) কোনো তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম এই বিধিমালায় উল্লিখিত নিয়ম, শর্তাবলি ও পদ্ধতি অনুযায়ী যথাসময়ে তালিকাভুক্তি নবায়ন করিতে ব্যর্থ হইলে উক্ত তালিকাভুক্তি বাতিল বা অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা অনুযায়ী পুনরায় তালিকাভুক্ত হইতে হইবে।

(৫) তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের আবেদনের সহিত, প্রযোজ্য ক্ষেত্রে, ফি ও জরিমানা পরিশোধের রসিদ এবং পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের কপি দাখিল করিতে হইবে।

(৬) আবেদনকারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকিলে বা দণ্ডপ্রাপ্ত হইলে বা অসদাচরণ বা অনিয়মের বিষয়ে তদন্ত চলমান থাকিলে কাউন্সিল বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উহা তদন্ত ও যাচাই-বাছাইপূর্বক বিধি ১০ এর উপ-বিধি (৫) এর অধীন গঠিত কমিটি কর্তৃক তালিকাভুক্তি নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৭) এই বিধিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে, তালিকাভুক্তি সম্পর্কিত বিধান, যতদূর সম্ভব, প্রয়োজনীয় পরিবর্তন সাপেক্ষে (Mutatis Mutandis) নবায়নের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৮। **আবেদনকারীর যোগ্যতা।**—(১) এই বিধিমালার অধীন তালিকাভুক্তি বা নবায়নের জন্য কোনো আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হইতে হইবে;

(খ) সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হইতে হইবে;

(গ) নিরীক্ষা চর্চার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদ থাকিতে হইবে;

(ঘ) কোনো ফৌজদারি অপরাধে উপযুক্ত আদালত কর্তৃক দণ্ডিত হইবেন না;

(ঙ) শারীরিক ও মানসিকভাবে সক্ষম হইতে হইবে;

(চ) কাউন্সিলের তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম ব্যতিরেকে অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত বা জনস্বার্থ সংস্থায় চাকরিরত বা স্বাধীনভাবে নিরীক্ষা সেবা ব্যাহত হয় এইরূপ কোনো স্বার্থ সংশ্লিষ্ট কাজে জড়িত থাকিতে পারিবেন না;

(ছ) কাউন্সিলের অনুমোদন ব্যতীত একাধারে ৬ (ছয়) মাসের অধিক সময়কাল পর্যন্ত বাংলাদেশের বাহিরে অবস্থান বা বসবাস করিতে পারিবেন না বা নিরীক্ষা সেবা প্রদান কার্যক্রম হইতে বিরত থাকিতে পারিবেন না;

(জ) বিদেশি নাগরিক বা বিদেশে স্থায়ী নিবাসী বা পলাতক বা দেউলিয়া বা ঋণ খেলাপী বা দুর্নীতির মামলায় দণ্ডিত হইবেন না; এবং

(ঝ) মানবতাবিরোধী, যুদ্ধাপরাধী, আন্তর্জাতিক অপরাধ বা গণহত্যা, ইত্যাদি অভিযোগে অভিযুক্ত অথবা দালাল আইনে অভিযুক্ত বা দন্ডপ্রাপ্ত হইবেন না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বিদেশি বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের সহিত আবেদনকারীর এফিলিয়েশন থাকিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত তথ্যাদির প্রমাণ স্বরূপ, প্রযোজ্য ক্ষেত্রে, প্রয়োজনীয় দলিলাদি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৯। **আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা, ইত্যাদি।**—(১) বিধি ৪ এর বিধান অনুযায়ী আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি উপযুক্ত কর্তৃপক্ষ বা কাউন্সিলের নির্ধারিত বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী বা কাউন্সিল কর্তৃক গঠিত বাছাই কমিটি যাচাই-বাছাই ও পরীক্ষা করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, একজন নির্বাহী পরিচালককে সভাপতি করিয়া অন্যূন ৩ (তিন) সদস্যের সমন্বয়ে কাউন্সিল কর্তৃক একটি বাছাই কমিটি এবং, প্রয়োজনে, এক বা একাধিক বাছাই উপ-কমিটি গঠন করা যাইবে।

(৩) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদির যথার্থতা ও বিশ্বাসযোগ্যতা সম্পর্কে কাউন্সিল বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী বা উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটি যথাযথ অনুসন্ধান করিতে পারিবে এবং, প্রযোজ্য ক্ষেত্রে, সরেজমিনে তদন্ত করিতে পারিবে।

(৪) কাউন্সিল নিরীক্ষকদের তালিকাভুক্তির বা তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে নিরীক্ষা চর্চা কোডের আলোকে যে কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে বা আবেদনকারীকে মূল্যায়ন করিতে পারিবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুসন্ধান বা তদন্ত কার্যক্রম সম্পন্ন করিবে।

(৬) উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটির সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গৃহীত হইবে।

(৭) প্রযোজ্য ক্ষেত্রে, বাছাই কমিটির সিদ্ধান্ত, সুপারিশসহ, প্রস্তাবিত তালিকা ও অন্যান্য দলিলাদি বিধি ১০ এর অধীন তালিকাভুক্তকরণ ও নবায়ন কমিটির নিকট ৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে।

১০। **তালিকাভুক্তি বা নবায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ, ইত্যাদি।**—(১) বিধি ৯ এর অধীন আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিলাদি, তথ্যাদি বা প্রমাণাদি যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা সমাপ্তির পর তালিকাভুক্তকরণ বা নবায়নের উদ্দেশ্যে গঠিত কমিটি বাছাই কমিটির সুপারিশসহ আবেদন প্রাপ্তির অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে সভায় উপস্থাপন করিবেন, এবং—

(ক) যথোপযুক্ত বিবেচিত হইলে আবেদন মঞ্জুর করিবে; বা

(খ) যথোপযুক্ত বিবেচিত না হইলে, কারণ উল্লেখপূর্বক ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীকে আবেদন নামঞ্জুরের বিষয়টি লিখিতভাবে অবহিত করিবে।

(২) কমিটি উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনকারীর আবেদন মঞ্জুর বা নামঞ্জুরের বিষয়টি আবেদনকারী ও সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে তালিকাভুক্তির বা নবায়নের আবেদন নিষ্পত্তিকরণ সম্ভব না হইলে সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের ভিত্তিতে কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞপ্তি জারির মাধ্যমে আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি সাময়িকভাবে অব্যাহত রহিয়াছে বলিয়া বিবেচিত হইবে।

(৪) অতিমারি, প্রাকৃতিক দুর্যোগ, জরুরি অবস্থায় (force majeure) বা যুক্তিসঙ্গত অন্য কোনো কারণে কাউন্সিল উপ-বিধি (১) এ উল্লিখিত তালিকাভুক্তি বা নবায়নের আবেদন নিষ্পত্তিকরণের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

(৫) কাউন্সিলের চেয়ারম্যানকে সভাপতি এবং সকল নির্বাহী পরিচালককে সদস্য করিয়া তালিকাভুক্তিকরণ ও নবায়ন কমিটি গঠিত হইবে।

(৬) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে এবং উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে উপ-বিধি (৫) এ উল্লিখিত কমিটি তালিকাভুক্তি বা নবায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৭) উপ-বিধি (৫) এ উল্লিখিত কমিটি উহার সিদ্ধান্ত সুপারিশ আকারে কাউন্সিলের নিয়মিত বা বিশেষ সভায় অবগতি, বিবেচনা ও চূড়ান্তকরণের জন্য প্রেরণ করিবে।

(৮) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৯) তালিকাভুক্তি ও নবায়ন স্থগিত, বাতিল, পুনর্বিবেচনা, পুনঃস্থাপন বা পুনঃতালিকাভুক্তির ক্ষেত্রে কাউন্সিলের প্রয়োগকারী বিভাগ হইতে আইনগত মতামত গ্রহণপূর্বক কাউন্সিল চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১১। **তালিকাভুক্তি বা নবায়নের আবেদন যাচাই-বাছাই ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ।**—তালিকাভুক্তি বা নবায়নের আবেদন যাচাই-বাছাই ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাউন্সিল নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে পারিবে, যথা:-

(ক) তফসিল-২ এ উল্লিখিত যোগ্যতা ও তথ্যাদি এবং বিগত বৎসরের নিরীক্ষা প্রতিবেদন;

(খ) নিরীক্ষা কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত হইবার ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক কোনো নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের মালিক বা অংশীদারের বয়সসীমা নির্ধারণে শারীরিক ও মানসিক সুস্থতার বিষয়ে সংশ্লিষ্ট সিভিল সার্জন বা মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট মেডিকেল বোর্ডের সুপারিশ;

(গ) নিরীক্ষা ফার্মের অংশীদার, অংশীদারের অংশ বা মালিকানা হস্তান্তরের বিষয়ে বিদ্যমান নিষেধাজ্ঞা;

(ঘ) তালিকাভুক্ত নিরীক্ষক ব্যতীত নিরীক্ষা ফার্মের ব্যবস্থাপনার প্রধান বা প্রধান নির্বাহী হইবার বিষয়ে নিষেধাজ্ঞা;

(ঙ) একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্মের কাঠামোগত বা গুরুত্বপূর্ণ তথ্যের পরিবর্তন বিষয়ে নিষেধাজ্ঞা; এবং

(চ) বিধি ৪, ৮ ও ৯ এ উল্লিখিত যোগ্যতা, দলিলাদি, সনদ ও বাছাই কমিটির প্রতিবেদন, ইত্যাদি।

১২। **আবেদন নামঞ্জুর।**—কাউন্সিল নিম্নবর্ণিত কারণে তালিকাভুক্তি বা নবায়নের আবেদন নামঞ্জুর করিতে পারিবে, যথা:—

(ক) অপর্যাপ্ত তথ্য ও প্রমাণাদি দাখিল বা অসম্পূর্ণভাবে ফরম পূরণ করিলে;

(খ) তথ্য গোপন, অসত্য তথ্য বিবরণী, মিথ্যা অঙ্গীকারনামা, হলফনামা বা ঘোষণাপত্রে মিথ্যা, ভিত্তিহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রদান করিলে;

(গ) আবেদনকারী উপযুক্ত কোনো আদালত, কাউন্সিল, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক দণ্ডপ্রাপ্ত বা শাস্তিপ্রাপ্ত হইলে:

তবে শর্ত থাকে যে, অসদাচরণের অভিযোগে অভিযুক্ত অথবা মামলা বিচারাধীন থাকিলে আবেদন সাময়িক স্থগিত রাখা যাইবে;

(ঘ) ফি পরিশোধ না করিলে; এবং

(ঙ) আইন বা বিধিতে বর্ণিত অন্য কোনো শর্ত লঙ্ঘন করিলে।

১৩। **তালিকাভুক্তি নবায়ন ফি।**—(১) আবেদনকারী তালিকাভুক্ত হইলে প্রতি বৎসর ৩০শে জুন এর মধ্যে আবেদনপত্রের সহিত তফসিল-৩ এ উল্লিখিত নবায়ন ফি কাউন্সিলে দাখিল করিতে হইবে।

(২) বিলম্বিত নবায়ন আবেদনের ক্ষেত্রে তফসিল-৩ এ উল্লিখিত বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।

১৪। **তালিকাভুক্তি ও নবায়ন সনদ।**—(১) আবেদনকারী নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের আবেদন বিধি ১০ এর অধীন মঞ্জুর হইলে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাউন্সিল-

(ক) নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর ক্ষেত্রে তফসিল-১ এর ফরম-৫ অনুযায়ী; এবং

(খ) নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) এর ক্ষেত্রে তফসিল-১ এর ফরম-৬ অনুযায়ী;

(গ) একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর ক্ষেত্রে তফসিল-১ এর ফরম-৭ অনুযায়ী; এবং

(ঘ) একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম (কস্ট নিরীক্ষা) এর ক্ষেত্রে তফসিল-১ এর ফরম-৮ অনুযায়ী;

সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে তফসিল-৩ এ উল্লিখিত ফি গ্রহণ সাপেক্ষে তালিকাভুক্তির সনদ ইস্যু করিবে।

(২) নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে উপ-বিধি (১) এ উল্লিখিত ফরম অনুযায়ী কাউন্সিল আবেদনকারীর অনুকূলে নবায়নের সনদ ইস্যু করিবে।

(৩) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম উহার তালিকাভুক্তির মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে তফসিল-৩ এ উল্লিখিত ফি জমাদানপূর্বক নবায়নের জন্য আবেদন করিবে এবং যাচাই-বাছাইপূর্বক কাউন্সিল উক্তরূপ আবেদনে সন্তুষ্ট হইলে, তালিকাভুক্তি সনদের মেয়াদ অতিক্রান্ত হইবার ১০ (দশ) দিন পূর্বে নবায়নকৃত সনদ প্রদান করিবে।

(৪) তালিকাভুক্তি সনদ বা নবায়ন সনদ মুদ্রণ ও ইস্যু করিতে বিলম্ব হইলে কাউন্সিল তফসিল-৩ অনুযায়ী নির্ধারিত ফি গ্রহণপূর্বক সাময়িক সনদ প্রদান করিতে পারিবে।

১৫। **অনলাইনে তালিকাভুক্তি।**—তালিকাভুক্ত হইতে আগ্রহী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি এই বিধিমালার বিধান অনুযায়ী অনলাইনে বা ইলেকট্রনিক পদ্ধতিতেও করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে কাউন্সিল আবেদনের পদ্ধতি ও অন্যান্য শর্ত নিজস্ব ওয়েবসাইট বা পত্রিকায় বা উভয় পদ্ধতিতে বিজ্ঞপ্তি দ্বারা জনস্বার্থে অবহিত করিবে।

১৬। **তালিকাভুক্তি ও নবায়ন সনদের মুদ্রিত ও ইলেকট্রনিক অনুলিপি সংরক্ষণ।**—কাউন্সিল প্রত্যেক তালিকাভুক্তি ও নবায়ন সনদ—

(ক) তালিকাভুক্ত নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর জন্য তফসিল-১ এর ফরম-৯ এবং তালিকাভুক্ত নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) এর জন্য তফসিল-১ এর ফরম-১০ অনুযায়ী পৃথক রেজিস্টার সংরক্ষণ করিবে;

(খ) তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর জন্য তফসিল-১ এর ফরম-১১ এবং তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম (কস্ট নিরীক্ষা) এর জন্য তফসিল-১ এর ফরম-১২ অনুযায়ী পৃথক রেজিস্টার সংরক্ষণ করিবে;

(গ) ইলেকট্রনিক মাধ্যমে অনুলিপি সংরক্ষণের জন্য একটি সার্ভার ও ইলেকট্রনিক রেজিস্টার প্রস্তুত ও পরিচালনা করিতে পারিবে; এবং

(ঘ) ইলেকট্রনিক অনুলিপি হালনাগাদ রাখিবে।

১৭। **তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধকরণ।**—(১) কাউন্সিল তালিকাভুক্ত বা নবায়নকৃত নিরীক্ষক এবং নিরীক্ষা ফার্মের প্রয়োজনীয় সকল তথ্যাদি সাধারণভাবে অথবা ই-রেজিস্টারে লিপিবদ্ধ করিতে পারিবে এবং উক্ত তথ্যাদি সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুত, সংরক্ষণ এবং সার্বক্ষণিক হালনাগাদপূর্বক কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ই-রেজিস্টার ও ডাটাবেইজ সংশ্লিষ্ট সকলের ব্যবহারের জন্য সহজলভ্য হইবে এবং সংশ্লিষ্ট সকলকে তথ্য সংগ্রহের জন্য উক্ত ডাটাবেইজ এর নির্দেশনা অনুযায়ী অভিগম্যতার সুযোগ নিশ্চিত করিতে হইবে।

(৩) প্রত্যেক বৎসর (জুলাই হইতে জুন) শেষ হইবার পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত রেজিস্ট্রার বা কর্মকর্তা তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের হালনাগাদ তথ্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবেন।

১৮। **নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের কাঠামোগত কোনো তথ্য পরিবর্তন ও হালনাগাদকরণ।**—(১) তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম বা উহার অংশীদার আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৩) এর বিধান অনুযায়ী, তাহার নাম ও রেজিস্টারে লিপিবদ্ধ কোনো তথ্য পরিবর্তন করিতে ইচ্ছুক হইলে পরিবর্তনের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক, প্রয়োজনীয় প্রমাণাদি ও কাগজাদিসহ, তফসিল-৩ এ উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, তফসিল-১ এর ফরম-১৩ অনুযায়ী কাউন্সিলের নিকট আবেদন করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কাউন্সিল আবেদনে উল্লিখিত কারণ বিবেচনা করিয়া কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উল্লিখিত পরিবর্তন করা অপরিহার্য বলিয়া বিবেচনা করিলে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চাহিদা অনুযায়ী তথ্য পরিবর্তন করিবে এবং উহার আনুষঙ্গিক পরিবর্তন হিসাবে সংশ্লিষ্ট রেজিস্টার এবং ডাটাবেইজ এর সংশ্লিষ্ট অংশ পরিবর্তন, লিপিবদ্ধকরণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিয়া হালনাগাদ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো তথ্য পরিবর্তন করা হইলে কাউন্সিল আবেদনকারীসহ সংশ্লিষ্ট নিরীক্ষক, নিরীক্ষা ফার্ম এবং, প্রয়োজনে, পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানকে উক্তরূপ পরিবর্তন সম্পর্কে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী তথ্য পরিবর্তনের কারণে প্রয়োজনে তালিকাভুক্ত সনদের সংশ্লিষ্ট অংশ পরিবর্তন করিবার লক্ষ্যে কাউন্সিল যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে এবং, প্রয়োজনে, তাহার বরাবরে তফসিল-৩ এ নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে সংশোধিত সনদ প্রদান করিবে।

১৯। **বিশেষ নিরীক্ষক ও নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম।**—(১) গুরুতর অনিয়ম হইয়াছে বলিয়া প্রতীয়মান হইলে কাউন্সিল বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা নিয়োগকৃত বিশেষ নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম বা নিয়োগকৃত পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক যে কোনো সময়ে সরল বিশ্বাসে ও যুক্তিসঙ্গত কারণে তালিকাভুক্ত নিরীক্ষক, নিরীক্ষা ফার্ম, জনস্বার্থ সংস্থা বা অন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত হইয়া তদন্ত, অনুসন্ধান বা অন্য কোনো আইনগত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিশেষ নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তফসিল-২ এ উল্লিখিত যোগ্যতা থাকিতে হইবে।

২০। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

২১। **প্রাক-প্রকাশ।**—প্রস্তাবিত এই বিধিমালা সম্পর্কে কোনো ব্যক্তির কোনো মতামত, পরামর্শ বা আপত্তি থাকিলে উহা লিখিতভাবে এই প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট প্রেরণ করিবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে প্রাপ্ত মতামত, পরামর্শ বা আপত্তি বিবেচনা করিয়া সরকার উহা চূড়ান্ত করিবে।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

তফসিল-১ এর ফরমসমূহ

**ফরম-১**

[বিধি ৩(১)(ক)(অ) ও (২) দ্রষ্টব্য]

নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা)/চার্টার্ড একাউন্টেন্ট তালিকাভুক্তির/নবায়নের আবেদন

(উপযুক্ত স্থানে টিক দিন/শূন্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**

**(ক) আবেদনকারীর বিস্তারিত তথ্য:** নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরনীয়):

১। আবেদনকারীর নাম: পিতা:
মাতা:

২। আবেদনকারীর ঠিকানা:

৩। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID):

৪। আবেদনকারীর পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য নং ও কার্যক্রম শুরুর তারিখ:

৫। আবেদনকারীর কার্যালয়, টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা:

৬। ইহা কি আবেদনকারীর একমাত্র কার্যালয়? হ্যাঁ/ না ("না" হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন):

অন্যান্য কার্যালয়ের ঠিকানা: (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)

.......................................................................................................................

ফোন:................................ফ্যাক্স:............................ই-মেইল:...............................

৭। আবেদনকারী একক/কোনো নিরীক্ষা ফার্মের অংশীদার হইলে উহার নাম ও অংশীদারদের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন):

| ক্রমিক নং | নাম ও পদবি | TIN | NID | পিতা ও মাতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ICAB সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | | | | |
| ২। | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | |
| ৪। | | | | | | | | | |
| ৫। | | | | | | | | | |

৮। অন্যান্য তথ্য:

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর:
পদবি:
সীল মোহর:

## দ্বিতীয় অংশ
## (খ) হলফনামা

আমি................................................পিতা.................................................
মাতা..............................................ঠিকানা........................................................
NID.......................এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল। উপর্যুক্ত তথ্যাদি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই। উপরন্তু, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি -------- এর উপ-বিধি ........ অনুযায়ী দাখিলীয় সকল কাগজপত্র প্রমাণিত সত্য ও সঠিক।

আমি আরও অঙ্গীকার করিতেছি যে, আমি তালিকাভুক্ত সনদের সকল শর্তাবলি মানিয়া চলিব এবং কোনো শর্ত লঙ্ঘন করিব না। নিরীক্ষা চর্চার ক্ষেত্রে গুণগত মান রক্ষা করিব, পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব, দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা করিব এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথভাবে অনুসরণ করিব।

উপরি-বর্ণিত ঘোষণার কোনো ব্যত্যয় বা বরখেলাপ হইলে বা কোনো তথ্য মিথ্যা বলিয়া প্রমাণিত হইলে বা ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলি লঙ্ঘন করিলে বা পেশাগত অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত হইলে কাউন্সিল বা আমার ক্ষেত্রে প্রযোজ্য পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ: ..........................আবেদনকারী/ঘোষণাকারীর স্বাক্ষর (সীলসহ): ............................

নাম (স্পষ্টাক্ষরে): ................................................................

আবেদনকারী কোনো নিরীক্ষা ফার্ম/মালিক/অংশীদার এর সদস্য হইলে উহার নাম ও ঠিকানা: .........

...........................................................................

তারিখ:....................................

* অংশীদারি ফার্মের সদস্য হইলে উহার সীল:

বি: দ্র: এই হলফনামাটি ২০০ (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-২**

[বিধি ৩(১)(ক)(আ) ও (৩) দ্রষ্টব্য]

নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) তালিকাভুক্তির/নবায়নের আবেদন

(উপযুক্ত স্থানে টিক দিন /শূন্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**

**(ক) আবেদনকারীর বিস্তারিত তথ্য:** নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরনীয়): ……….

১। আবেদনকারীর নাম: পিতা: মাতা:

২। আবেদনকারীর ঠিকানা:

৩। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID):

৪। আবেদনকারীর পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য ও কার্যক্রম শুরুর তারিখ:

৫। আবেদনকারীর কার্যালয়, টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা:

৬। ইহা কি আবেদনকারীর একমাত্র কার্যালয়? হ্যাঁ/ না (“না” হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন):

অন্যান্য কার্যালয়ের ঠিকানা: (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)

……………………………………………………………………………………………………

ফোন:………………………………ফ্যাক্স:…………………………ই-মেইল:………………………

৭। আবেদনকারী একক/কোনো নিরীক্ষা ফার্মের অংশীদার হইলে উহার নাম ও অংশীদারদের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন):

| ক্রমিক নং | নাম ও পদবি | NID ও TIN | পিতা ও মাতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ICMAB সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | | | |
| ২। | | | | | | | | |
| ৩। | | | | | | | | |
| ৪। | | | | | | | | |
| ৫। | | | | | | | | |

৮। অন্যান্য তথ্য:

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর:

পদবি:

সীল মোহর:

## দ্বিতীয় অংশ

## (খ) হলফনামা

আমি.................................পিতা................................মাতা.......................... ঠিকানা......................................NID.................এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল। উপর্যুক্ত তথ্যাদি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই। উপরন্তু, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি -------- এর উপ-বিধি ........ অনুযায়ী দাখিলীয় সকল কাগজাপত্র প্রমাণিত সত্য ও সঠিক।

আমি আরও অঙ্গীকার করিতেছি যে, আমি তালিকাভুক্ত সনদের সকল শর্তাবলি মানিয়া চলিব এবং কোনো শর্ত লঙ্ঘন করিব না। নিরীক্ষা চর্চার ক্ষেত্রে গুণগত মান রক্ষা করিব, পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব, দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা করিব এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথভাবে অনুসরণ করিব।

উপরি-বর্ণিত ঘোষণার কোনো ব্যত্যয় বা বরখেলাপ হইলে বা কোনো তথ্য মিথ্যা বলিয়া প্রমাণিত হইলে বা ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলি লঙ্ঘন করিলে বা পেশাগত অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত হইলে কাউন্সিল বা আমার ক্ষেত্রে প্রযোজ্য পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ: ...........................আবেদনকারী/ঘোষণাকারীর স্বাক্ষর (সীলসহ): .............................

নাম (স্পষ্টাক্ষরে): ................................................................

আবেদনকারী কোনো নিরীক্ষা ফার্ম/মালিক/অংশীদার এর সদস্য হইলে উহার নাম ও ঠিকানা:.........

...............................................................................

তারিখ:....................................

* অংশীদারি ফার্মের সদস্য হইলে উহার সীল:

বি: দ্র: এই হলফনামাটি ২০০ (দুইশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৩**

**[বিধি ৩(১)(খ)(অ) ও (২) দ্রষ্টব্য]**

নিরীক্ষা ফার্ম (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা)/চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম তালিকাভুক্তির/নবায়নের আবেদন
(উপযুক্ত স্থানে টিক দিন/শূন্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**

**(ক) নিরীক্ষা ফার্মের বিস্তারিত তথ্য:** নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরনীয়):.........

১। ফার্মের নাম: ফার্মের ধরন: এক মালিকানাধীন/অংশীদারি

২। ফার্মের ঠিকানা:

৩। ফার্মের কার্যক্রম শুরুর তারিখ ও রেজিস্ট্রেশন (যদি থাকে):

৪। ফার্মের টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা:

৫। ইহা কি নিরীক্ষা ফার্মের একমাত্র কার্যালয়? হ্যাঁ/ না ("না" হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন):

অন্যান্য কার্যালয়ের ঠিকানা: (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)

..........................................................................................................................

ফোন: ................................ফ্যাক্স: ............................ ই-মেইল: ............................

৬। অংশীদারদের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন):

| ক্রমিক নং | নাম ও পদবি | NID ও TIN | পিতা ও মাতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ICAB সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | | | |
| ২। | | | | | | | | |
| ৩। | | | | | | | | |
| ৪। | | | | | | | | |
| ৫। | | | | | | | | |

৭। অন্যান্য তথ্য:

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ: পদবি:

সীল মোহর

## দ্বিতীয় অংশ
## (খ) হলফনামা

আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে,—

১। দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল। উপর্যুক্ত তথ্যাদি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই। উপরন্তু, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি .......এর বিধান অনুযায়ী দাখিলীয় সকল কাগজাদি প্রমাণিত, সত্য ও সঠিক;

২। আমি/আমরা বাংলাদেশের নাগরিক বা স্থায়ী বাসিন্দা;

৩। আমি/আমরা পেশাদারী একাউন্টেন্সি প্রতিষ্ঠান অর্থাৎ আইসিএবি বা আইসিএমএবি এর সদস্য হিসাবে নিবন্ধিত;

৪। আমি/আমরা অন্যূন ২১ (একুশ) বৎসর বয়সী এবং এই বিধিমালা অনুযায়ী তালিকাভুক্তির যোগ্য;

৫। এই ফরমে উল্লিখিত তথ্যসমূহ এবং সংযুক্ত দলিলাদি ও কাগজাদির সঠিকতা ও বৈধতা এবং এই আবেদন সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে যাচাই এর জন্য কাউন্সিলকে অনুমতি প্রদান করিতেছি;

৬। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রবিধানমালা, অডিট স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস, কোড, গাইডলাইন এর বিধানাবলি ও কাউন্সিলের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিব;

৭। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব;

৮। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি অনুসরণ করিব;

৯। অভিযোগ নিষ্পত্তির জন্য অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের গোচরে আনিব ও কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী যথাযথ পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিব।

তারিখ: ...........................আবেদনকারী/ঘোষণাকারীর স্বাক্ষর (সীলসহ): .............................

নাম (স্পষ্টাক্ষরে):.........................................................................................

নিরীক্ষা ফার্ম/মালিক/অংশীদার-এর নাম ও ঠিকানা: ..........................................................

তারিখ:.....................................

* অংশীদারি ফার্ম হইলে ক্ষমতাপ্রাপ্ত যে কোনো অংশীদার।

সীল:

বি: দ্র: এই হলফনামাটি ২০০ (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পৃথকভাবে আবেদনকারী ও সকল অংশীদারগণ কর্তৃক সম্পাদন করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৪**

**[বিধি ৩(১)(খ)(আ) ও (৩) দ্রষ্টব্য]**

নিরীক্ষা ফার্ম (কস্ট নিরীক্ষা) তালিকাভুক্তির/নবায়নের আবেদন

(উপযুক্ত স্থানে টিক দিন/শূন্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**

**(ক) নিরীক্ষা ফার্মের বিস্তারিত তথ্য:** নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরনীয়):.........

১। ফার্মের নাম: ফার্মের ধরন: একমালিকানাধীন/অংশীদারি

২। ফার্মের ঠিকানা:

৩। ফার্মের কার্যক্রম শুরুর তারিখ ও রেজিস্ট্রেশন (যদি থাকে):

৪। ফার্মের টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা:

৫। ইহা কি নিরীক্ষা ফার্মের একমাত্র কার্যালয়? হ্যাঁ/ না ("না" হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন):

অন্যান্য কার্যালয়ের ঠিকানা: (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)

..........................................................................................................................

ফোন: ............................ ফ্যাক্স: ......................... ই-মেইল: ................................

৬। অংশীদারদের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন):

| ক্রমিক নং | নাম ও পদবি | NID ও TIN | পিতা ও মাতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ICMAB সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | | | |
| ২। | | | | | | | | |
| ৩। | | | | | | | | |
| ৪। | | | | | | | | |
| ৫। | | | | | | | | |

৭। অন্যান্য তথ্য:

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ: পদবি:

সীল মোহর

## দ্বিতীয় অংশ
## (খ) হলফনামা

আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে,—

১। দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল। উপর্যুক্ত তথ্যাদি প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই। উপরন্তু, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি .......এর বিধান অনুযায়ী দাখিলীয় সকল কাগজপত্র প্রমাণিত, সত্য ও সঠিক;

২। আমি/আমরা বাংলাদেশের নাগরিক বা স্থায়ী বাসিন্দা;

৩। আমি/আমরা পেশাদারী একাউন্টেন্সি প্রতিষ্ঠান অর্থাৎ আইসিএবি বা আইসিএমএবি এর সদস্য হিসাবে নিবন্ধিত;

৪। আমি/আমরা অন্যূন ২১ (একুশ) বৎসর বয়সী এবং এই বিধিমালা অনুযায়ী তালিকাভুক্তির যোগ্য;

৫। এই ফরমে উল্লিখিত তথ্যসমূহ এবং সংযুক্ত দলিলাদি ও কাগজাদির সঠিকতা ও বৈধতা এবং এই আবেদন সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে যাচাই এর জন্য কাউন্সিলকে অনুমতি প্রদান করিতেছি;

৬। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রবিধানমালা, অডিট স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস, কোড, গাইডলাইন এর বিধানাবলি ও কাউন্সিলের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিব;

৭। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব;

৮। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি অনুসরণ করিব;

৯। অভিযোগ নিষ্পত্তির জন্য অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের গোচরে আনিব ও কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী যথাযথ পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিব।

তারিখ: ..........................আবেদনকারী/ঘোষণাকারীর স্বাক্ষর (সীলসহ): ..............................

নাম (স্পষ্টাক্ষরে): ........................................................................................

নিরীক্ষা ফার্ম/মালিক/অংশীদার-এর নাম ও ঠিকানা: ..........................................................

তারিখ:.....................................

* অংশীদারি ফার্ম হইলে ক্ষমতাপ্রাপ্ত যে কোনো অংশীদার।

সীল:

বি: দ্র: এই হলফনামাটি ২০০ (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পৃথকভাবে আবেদনকারী ও সকল অংশীদারগণ কর্তৃক সম্পাদন করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৫**
[বিধি ১৪(১)(ক) দ্রষ্টব্য]

নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) তালিকাভুক্তির/তালিকাভুক্তি নবায়নের সনদ
**সনদ নম্বর:** ……………….. **প্রদানের তারিখ:**……… **সনদের মেয়াদ:** …………..
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নিবন্ধন তালিকাভুক্তি নং:……………………… ও তালিকাভুক্তির তারিখ:……………………………..............
তালিকাভুক্তি নবায়নের তারিখ:………………………...............
বরাবর,
নাম: ------------------------------------- পিতা: ------------------------------- মাতা: ------------------------------
জন্ম তারিখ: -------------------------------------------------পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ: ---------------------------------------------------------------------------------

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে আপনাকে এতদ্দ্বারা তালিকাভুক্ত নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) হিসাবে সনদ প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

১। আপনি আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজাদি দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল আপনার বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে আপনার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। আপনাকে আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস, কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। আপনাকে আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। আপনাকে জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন আপনার বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল আপনার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে আপনি উহা মানিয়া নিতে বাধ্য থাকিবেন এবং এই বিষয়ে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না।

**চেয়ারম্যান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৬**

[বিধি ১৪(১)(খ) দ্রষ্টব্য]

নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) তালিকাভুক্তির/তালিকাভুক্তি নবায়নের সনদ

**সনদ নম্বর:** .......................**প্রদানের তারিখ:** ...... .........**সনদের মেয়াদ:** ...................

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর নিবন্ধন তালিকাভুক্তি নং: .........................
ও তালিকাভুক্তির তারিখ:..................

তালিকাভুক্তি নবায়নের তারিখ:.....................

বরাবর,
নাম: .......................... পিতা: ..........................মাতা:
...........................

জন্ম তারিখ: .............. পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ:
........................................................................
...........................

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে আপনাকে এতদ্দ্বারা তালিকাভুক্ত নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) হিসাবে সনদ প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

১। আপনি আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজাদি দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল আপনার বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে আপনার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। আপনাকে আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। আপনাকে আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। আপনাকে জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন আপনার বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ধারা ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল আপনার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে আপনি উহা মানিয়া নিতে বাধ্য থাকিবেন এবং এই বিষয়ে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না।

**চেয়ারম্যান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৭**

[বিধি ১৪(১)(গ) দ্রষ্টব্য]

নিরীক্ষা ফার্ম (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) তালিকাভুক্তির সনদ

**সনদ নম্বর:** ..................... **প্রদানের তারিখ:** ............... **সনদের মেয়াদ:** ............

ফাইনান্সিয়াল রিপোর্টি কাউন্সিলের নিবন্ধন তালিকাভুক্তি নং:.................................... ও তালিকাভুক্তির তারিখ:...............................

নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের তারিখ:...................................

বরাবর,

নাম:...............................

ঠিকানা:...............................................................

পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ:...................................

.......................................................................................................................

ফাইনান্সিয়াল রিপোর্টি  আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং ফাইনান্সিয়াল রিপো রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে উক্ত ফার্মকে এতদ্দারা তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম (একক মালিকানাধীন বা অংশীদারি) হিসাবে সনদ প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

১। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার, আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজাদি  দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার-এর বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে উহার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস, কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদারের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ধারা ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল উহার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে নিরীক্ষা ফার্ম বা উহার মালিক বা অংশীদারগণ তাহা মানিয়া লইতে বাধ্য থাকিবেন এবং এই বিষয়ে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না।

**চেয়ারম্যান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৮**

[বিধি ১৪(১)(ঘ) দ্রষ্টব্য]

নিরীক্ষা ফার্ম (কস্ট নিরীক্ষা) তালিকাভুক্তির সনদ

**সনদ নম্বর:** ..........,........**প্রদানের তারিখ:**...................**সনদের মেয়াদ:** ...............

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নিবন্ধন তালিকাভুক্তি নং:.....................................ও

তালিকাভুক্তির তারিখ: .......................................................................

নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের তারিখ:..................................................

বরাবর,

নাম:..................................................................................

ঠিকানা:................................................................................

পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ: .......................................

.........................,...........................................................................................

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে উক্ত ফার্মকে এতদ্দ্বারা তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম (একক মালিকানাধীন বা অংশীদারি) হিসাবে সনদ প্রদান করিল:-

**শর্তাবলি:**

১। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার, আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজাদি দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার এর বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে উহার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ডস, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসসহ সকল ধরনের স্ট্যান্ডার্ডস, কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন উক্ত নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদারের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ধারা ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল উহার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে নিরীক্ষা ফার্ম বা উহার মালিক বা অংশীদারগণ তাহা মানিয়া লইতে বাধ্য থাকিবেন এবং এই বিষয়ে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করিতে পারিবেন না।

**চেয়ারম্যান**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-৯**

[বিধি ১৬(ক) দ্রষ্টব্য]

তালিকাভুক্ত নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর রেজিস্টার

| ক্রমিক নম্বর | নিরীক্ষকের নাম | এফআরসি নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | ICAB সদস্য নং | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

*৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-১০**
[বিধি ১৬(ক) দ্রষ্টব্য]

তালিকাভুক্ত নিরীক্ষক (কস্ট নিরীক্ষা) এর রেজিস্টার

| ক্রমিক নম্বর | নিরীক্ষকের নাম | এফআরসি নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | ICMAB সদস্য নং | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

* ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

ফরম-১১
[বিধি ১৬(খ) দ্রষ্টব্য]

একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা) এর রেজিস্টার

| ক্রমিক নম্বর | ফার্মের নাম | এফআরসি নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | একক মালিকানাধীন/ অংশীদারি | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

* ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

ফরম-১২
[বিধি ১৬(খ) দ্রষ্টব্য]

একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম (কস্ট নিরীক্ষা) এর রেজিস্টার

| ক্রমিক নম্বর | ফার্মের নাম | এফআরসি নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | একক মালিকানাধীন/ অংশীদারি | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

* ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**ফরম-১৩**
[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

তথ্য পরিবর্তনের বিবরণ

| ক্রমিক নম্বর | নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নাম | এফআরসি নিবন্ধন নং ও তারিখ | বর্তমান (যাহা রহিয়াছে) | পরিবর্তন (যাহা হইবে) | পরিবর্তনের কারণ ও প্রমাণাদির বিবরণ | ফি প্রদান সম্পর্কিত তথ্য | পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

*৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

**তফসিল-২**

[বিধি-৪(২)(ঘ), ১১(ক) ও ১৯(২) দ্রষ্টব্য]

কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের মধ্য হইতে নিম্নে বর্ণিত জনস্বার্থ সংস্থার নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা কর্মসম্পাদনের ক্ষেত্রে বর্ণিত জনস্বার্থ সংস্থার ধরন ও প্রকৃতি অনুযায়ী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়নের জন্য প্রয়োজনীয় বা প্রযোজ্য অতিরিক্ত যোগ্যতা ও তথ্যাদি:

**(ক)**

বাংলাদেশ ব্যাংক এর নিয়ন্ত্রণাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা কর্মসম্পাদনের জন্য প্রযোজ্য অতিরিক্ত যোগ্যতা ও তথ্যাদি:

| ক্রমিক নং | আবশ্যক তথ্যাদি | আবশ্যকীয় কাগজপত্রাদি |
|---|---|---|
| (১) | নিরীক্ষা ফার্মের নাম, বয়স (ফার্ম প্রতিষ্ঠার তারিখ), COP ও এফআরসি কর্তৃক তালিকাভুক্তির সনদ | এফআরসি কর্তৃক তালিকাভুক্তির সনদ এবং আইসিএবি কর্তৃক প্রদত্ত ফার্মের নাম এবং ফার্ম প্রতিষ্ঠার তারিখ/সন সম্বলিত প্রত্যয়নপত্র ও COP। |
| (২) | ফার্মের পার্টনারদের সংখ্যা, নাম, TIN, BIN, VIN | পার্টনারশীপ ডিডের কপি এবং পার্টনার হিসাবে ফার্মে অন্তর্ভুক্তির অনুমতি ও তারিখ সম্বলিত আইসিএবি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও TIN, BIN, VIN ইত্যাদি। |
| (৩) | বিগত ৩ (তিন) বৎসরে (......... তারিখে) নিরীক্ষিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা | (ক) নিরীক্ষিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নাম।<br>(খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |
| (৪) | কোনো আন্তর্জাতিক সিএ ফার্মের এফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসাবে নিরীক্ষা কার্য সম্পাদনের অভিজ্ঞতা | (ক) আন্তর্জাতিক সিএ ফার্মের নাম, সংশ্লিষ্টতার ধরন, প্রকৃতি ও ব্যপ্তি (Tenor)।<br>(খ) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র।<br>(গ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।<br>(ঘ) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (সমূহ) হইতে.......... সনে অর্জিত টার্নওভার। |
| (৫) | পার্টনারদের অভিজ্ঞতা | (ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত Enrollment নম্বর।<br>(খ) পার্টনারদের প্রত্যেকের বায়োডাটা।<br>(গ) পার্টনারদের অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক। |

| ক্রমিক নং | আবশ্যক তথ্যাদি | আবশ্যকীয় কাগজপত্রাদি |
|---|---|---|
| (৬) | পার্টনার ব্যতীত কর্মকর্তাদের পেশাগত শিক্ষা ও অভিজ্ঞতা | চার্টার্ড একাউন্টেন্টদের ক্ষেত্রে:<br>(ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত Enrollment নম্বর।<br>(খ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র।<br>অন্যান্য কর্মকর্তাদের ক্ষেত্রে:<br>কোর্স কমপ্লিট ছাত্রদের নাম (যদি থাকে) এবং ফার্মের প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত কোর্স সমাপ্তির সার্টিফিকেট। |
| (৭) | অফিস আয়তন (বর্গফুট) | ভাড়ায় অফিসের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্রের কপি এবং নিজ মালিকানাধীন অফিসের ক্ষেত্রে নিজস্ব ঘোষণাপত্র। |
| (৮) | আইটি সিস্টেম | (ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিরীক্ষার জন্য সফলভাবে অডিট টুলস্ ব্যবহার করা হইলে উক্ত টুলস্ এর নাম এবং ঘোষণাপত্র।<br>(খ) ফার্মে ইন্টারনেট (ব্যবস্থা) থাকিলে তাহার বিবরণ এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র।<br>(গ) ফার্মের নিজস্ব ডাটা বেইজ থাকিলে তাহার বিবরণ এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র। |
| (৯) | আইটি প্রফেশনাল এবং আইটি সিস্টেম অডিটের অভিজ্ঞতা | (ক) ফার্মে CISA/CISO/CISSP/CISM/CEM/CHH হইতে সনদপ্রাপ্ত কর্মকর্তা (গণের) সংখ্যা।<br>(খ) উক্ত কর্মকর্তা (গণের) প্রাপ্ত সনদের কপি।<br>(গ) ব্যাংক/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের আইটি সিস্টেমস্ অডিটের অভিজ্ঞতা থাকিলে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |
| (১০) | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত সরকারি/ আধা-সরকারি /স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা | বিগত ৩ (তিন) বৎসরে শেয়ার মার্কেটে তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত সরকারি /আধা-সরকারি/স্বায়ত্তশাসিত কমপক্ষে ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতার স্বপক্ষে-<br>(ক) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র।<br>(খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |
| (১১) | | তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে বা অংশীদারদের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে বা মামলা-মোকদ্দমা থাকিলে উহার কারণ, বিবরণ ও বর্তমান অবস্থা |
| (১২) | | কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে) সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্যাদি। |

(খ)

বাংলাদেশ সিটিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর অধীন শেয়ারবাজারে তালিকাভুক্ত জনস্বার্থ সংস্থা বা কোম্পানির নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের জন্য প্রয়োজনীয় বা প্রযোজ্য অতিরিক্ত যোগ্যতা ও তথ্যাদি:

১। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক শেয়ার বাজারে তালিকাভুক্ত কমপক্ষে ২ (দুই)টি জনস্বার্থ সংস্থার বিগত ২ (দুই) বৎসরের নিরীক্ষা সেবা প্রদানের তথ্য ও প্রকাশিত নিরীক্ষা প্রতিবেদনের কপি;

২। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে বা অংশীদারদের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে বা মামলা-মোকদ্দমা থাকিলে উহার কারণ, বিবরণ ও বর্তমান অবস্থা;

৩। এফআরসি কর্তৃক তালিকাভুক্তির সনদ;

৪। নিরীক্ষা ফার্মের নামে E-TIN/TIN সনদ, VAT নিবন্ধন সনদ;

৫। নিরীক্ষা ফার্ম বিদেশি কোনো ফার্মের অধিভুক্ত হইলে, সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মের নাম, নিবন্ধনের দেশ, বার্ষিক সম্মিলিত আয় ও আন্তর্জাতিক ক্রমের তথ্য, বিদেশি নিরীক্ষা ফার্মের সাথে চুক্তি এবং অধিভুক্তির সনদ এর কপি;

৬। বিদেশি ফার্ম সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মের নিরপেক্ষ পর্যালোচনা করে কি না? যদি হ্যাঁ হয়, সর্বশেষ পর্যালোচনা কপি;

৭। মানব সম্পদের শ্রেণিবিন্যাসসহ (Partners/Qualified CA or CMA/অভিজ্ঞ নিরীক্ষা কর্মী/ অনিরীক্ষা কর্মী/ Articled Students) তাহাদের সংখ্যা, একাডেমিক যোগ্যতা, নিরীক্ষা অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট অনিরীক্ষা অভিজ্ঞতার তালিকা;

৮। নিরীক্ষা ফার্মের ভৌত অবকাঠামোর স্পষ্ট বিবরণ, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে কার্যালয়ের ব্যবহৃত জায়গার পরিমাণ, তথ্য প্রযুক্তিসহ স্থায়ী সম্পদের বিবরণ উল্লেখ করিতে হইবে;

৯। কার্যালয়ের ব্যবহৃত জায়গার মালিকানা/লীজ এর দলিল/চুক্তিনামা;

১০। বিগত ২ (দুই) বৎসরের গুরুত্বপূর্ণ নিরীক্ষা/অনিরীক্ষা কার্যক্রমের বিবরণ, যাহাতে গ্রাহকের নাম, নিরীক্ষা ফি এবং ফার্ম কর্তৃক প্রদত্ত নিরীক্ষা মতামত উল্লেখ থাকিতে হইবে;

১১। সর্বশেষ হিসাব বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও ব্যাংক হিসাব বিবরণীসহ নিরীক্ষা ফার্মের বার্ষিক প্রতিবেদন;

১২। বিগত ২ (দুই) বৎসরের মধ্যে কোনো নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্ম বা তাহার কোনো অংশীদারের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে তাহার কারণ এবং অন্য যে কোনো ব্যবস্থার পূর্ণাঙ্গ বিবরণী;

১৩। নিরীক্ষা ফার্ম নিরীক্ষা সফটওয়্যার ব্যবহার করে কি না? যদি করে তাহা হইলে সফটওয়্যারের একটি রূপরেখা;

১৪। নিরীক্ষা ফার্মের ISACA এর Certified Information System Auditor (CISA) আছে কিনা?

১৫। নিরীক্ষা ফার্মের গ্রাহকের নিরীক্ষা ঝুঁকি মূল্যায়নের নীতিমালা আছে কি না? থাকিলে সংশ্লিষ্ট নীতিমালা;

১৬। নিরীক্ষা ফার্মের অংশীদারদের নিরীক্ষা নিরপেক্ষতা পর্যালোচনার নীতিমালা এবং তৎসংক্রান্ত সাংগঠনিক পদ্ধতি আছে কি না? থাকিলে সংশ্লিষ্ট নীতিমালা;

১৭। নিরীক্ষা ফার্মের নিরীক্ষা কর্মী ও Articled Students-দের দক্ষতা বৃদ্ধির কোনো কর্মসূচি আছে কি না? থাকিলে, বিগত ৩ (তিন) বৎসরের এতদসংক্রান্ত কার্যক্রমের প্রতিবেদন;

১৮। নিরীক্ষকের একাডেমিক বা শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তালিকা;

১৯। অংশীদারি নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্র ও অংশীদারদের বা অংশীদারি চুক্তির বিষয়ে বিবরণ; এবং

২০। কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে) সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্যাদি।

**(গ)**

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA), এনজিও বিষয়ক ব্যুরো (NGOAB), ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, অলাভজনক প্রতিষ্ঠান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (ইউজিসি) ইত্যাদি এর অধীন জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষকের বা নিরীক্ষা ফার্মের জন্য প্রযোজ্য বা প্রয়োজনীয় অতিরিক্ত যোগ্যতা বা তথ্যাদি:

১। নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নাম, বয়স (ফার্মের ক্ষেত্রে প্রতিষ্ঠার তারিখ), COP ও এফআরসি কর্তৃক তালিকাভুক্তির সনদ;

২। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত, মাইক্রোক্রেডিট, এনজিও, স্বেচ্ছাসেবী, সংস্থা, ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদিতে (ন্যূনতম ৩ (তিন) টি নিয়োগের তথ্য প্রমাণসহ) কমপক্ষে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা;

৩। কোনো আন্তর্জাতিক সিএ ফার্মের এফিলিয়েটেড ফার্ম বা সহযোগী ফার্ম হিসাব নিরীক্ষা কার্য সম্পাদনের অভিজ্ঞতা;

৪। অফিস স্পেস, জনবল, Articled Students, ও অংশীদারদের তথ্য;

৫। IT equipment ও IT skill বা দক্ষতা সম্পর্কিত তথ্য;

৬। এফআরসি, আইসিএবি বা স্বীকৃত দেশি বা বিদেশি প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা কার্যক্রমের জন্য awarded হইয়া থাকিলে উহার বিবরণ;

৭। এফআরসি, আইসিএবি, আইসিএমএবি, এমআরএ, বাংলাদেশ ব্যাংক, IDRA, BSEC, NGOAB, UGC বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম শাস্তিপ্রাপ্ত হইয়া থাকিলে বা মামলা মোকদ্দমা থাকিলে উহার বিবরণ (কারণ, বর্তমান অবস্থা, আদালতের স্থগিতাদেশ থাকিলে তাহার কপি ইত্যাদি);

৮। পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ COP ও এফআরসি কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তি বা হালনাগাদ নবায়নের সনদ; এবং

৯। কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে) সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্যাদি।

**(ঘ)**

বাংলাদেশে কর্মরত ও এফআরসি কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম সমূহের মধ্য হইতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) এর অধীন জনস্বার্থ সংস্থা বা বীমা কোম্পানী এর নিরীক্ষা সেবা প্রদানের নিমিত্ত কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত ফার্মসমূহ দ্বারা বিধিবদ্ধ নিরীক্ষা (Statutory Audit), বিশেষ নিরীক্ষা (Special Audit), তদন্ত (Investigation), সম্পত্তি মূল্যায়ন (Asset Valuation) সহ কর্তৃপক্ষের অন্যান্য কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে প্রয়োজনীয় অতিরিক্ত যোগ্যতা বা তথ্যাদি:

**(১) আবেদনের যোগ্যতা: আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নিম্নরূপ যোগ্যতা থাকিতে হইবে, যথা:—**

(অ) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম এফআরসি কর্তৃক তালিকাভুক্ত চার্টার্ড একাউন্ট্যান্ট হবেন;

(আ) নিরীক্ষা ফার্ম চার্টার্ড একাউন্ট্যান্টগণের একটি অংশীদারি সংস্থা হইতে হইবে। Bangladesh Chartered Accountants Order, 1973 (PO No. 2 of 1973) মোতাবেক (ক) বিদেশী অডিট ফার্মের সাথে এফিলিয়েশন আছে এমন ফার্মের ক্ষেত্রে দুইজন ফেলো অংশীদার, অথবা (খ) বিদেশি অডিট ফার্মের এফিলিয়েশন নেই এমন ফার্মের ক্ষেত্রে সাথে ৪ (চার) জন অংশীদার থাকিতে হইবে;

(ই) বিদেশি ফার্মের সাথে এফিলিয়েশন থাকুক বা না থাকুক আবেদনকারী অডিট ফার্মের ২ (দুই) জন ফেলো অংশীদারের ন্যূনতম ৭ (সাত) বৎসরের প্রাকটিসিং অভিজ্ঞতা থাকিতে হইবে;

(ঈ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের কমপক্ষে ৫ (পাঁচ) জন নিরীক্ষা স্টাফ থাকিতে হইবে।

**(২) আবেদনের অযোগ্যতা: অডিট প্যানেলে তালিকাভুক্তির অযোগ্য হইবেন, যদি—**

(অ) আবেদনকারী নিরীক্ষক বা ফার্মের কোনো অংশীদার উপযুক্ত আদালত কর্তৃক কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত বা দণ্ডিত হইয়া থাকেন;

(আ) আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের কোনো অংশীদার উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক শাস্তিপ্রাপ্ত হইয়া থাকেন।

**(৩) আবেদনের সংযুক্তি: আবেদনের সাথে নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হইবে, যথা:—**

(অ) এফআরসি কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির সনদ;

(আ) আইসিএবি কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট অব প্রাকটিসিং এর অনুলিপি;

(ই) বিদেশি ফার্মের সাথে এফিলিয়েটেড অডিট ফর্মের ক্ষেত্রে চুক্তি বা সমঝোতা স্মারক এর অনুলিপি এবং পিরিয়ডিক রিভিউ এর সমর্থনে দলিলাদি;

(ঈ) অন্য কোনো রেগুলেটরের অধীনে তালিকাভুক্ত হইয়া থাকিলে তাহার সনদ বা তালিকাভুক্তির প্রমাণ এবং তালিকাভুক্তির বিপরীতে পরিচালিত অডিট কার্যক্রমের তালিকা;

(উ) প্রাক্টিসিং অংশীদারের নাম, অভিজ্ঞতার বৎসর, এনরোলমেন্ট নাম্বার, আপডেটেড বায়োডাটাসহ ফার্মের প্রোফাইল;

(ঊ) কোনো অংশীদার বা ফার্মের বিরুদ্ধে ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক ইতোপূর্বে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে আইসিএবি এর প্রত্যয়নপত্র;

(ঋ) অডিট ফার্মের অংশীদারিত্বের দলিলের অনুলিপি; এবং

(এ) আবেদনকারী নিরীক্ষা সংস্থা ও এর অংশীদারদের বা নিরীক্ষকদের কাহারও কোনো অযোগ্যতা (অনুচ্ছেদ খ দ্রষ্টব্য) নেই মর্মে ২০০ (দুইশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারাইজড হলফনামা।

(৪) কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে) সময়ে সময়ে নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্যাদি।

(ঙ)

**সাধারণ বিধানাবলি**

১। উপরি-বর্ণিত (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা বা ব্যুরো কর্তৃক জনস্বার্থ সংস্থার নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত ও জমাদান বিষয়ে আইনের সহিত সামঞ্জস্যতাপূর্ণ কোনো সার্কুলার বা নির্দেশনা থাকিলে তাহা কাউন্সিল কর্তৃক আলাদা তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক অনুসরণ করা হইবে মর্মে অঙ্গীকার বা ঘোষণা;

২। কাউন্সিল কর্তৃক নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম আলাদাভাবে তালিকাভুক্তির পর আইন ও বিধিমালার সহিত সামঞ্জস্যতা রাখিয়া উপরি-বর্ণিত (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের সেবা গ্রহণের ক্ষেত্রে তদধীন জনস্বার্থ সংস্থাসমূহ বা প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করিবে।

৩। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নিরীক্ষা প্রতিবেদন আইনের ধারা ৩১, ৪৪ ও নবম অধ্যায়ের বিধান অনুযায়ী উপস্থাপন করা না হইলে এই তফসিলে বর্ণিত কর্তৃপক্ষসহ অন্য যে কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষা প্রতিবেদন ও সংযুক্ত দলিলাদি গ্রহণ করিবেন না।

৪। কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মতামত বা সুপারিশের আলোকে এই তফসিলে বর্ণিত শর্তাবলি বা অতিরিক্ত যোগ্যতা ও তথ্যাদি, সময় সময়, পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা সংশোধন করা যাইবে।

**তফসিল-৩**

[বিধি ৪(১)(ক)(ঈ), ৪(১)(খ)(উ), ৬(১), (৪), (৫), ১৩, ১৪(১), (৪) ও ১৮(১), (৪) দ্রষ্টব্য]

**কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের 'তালিকাভুক্তি ও নবায়ন ফি'**

তালিকাভুক্তি ও নবায়ন ফি হইবে নিম্নরূপ: (বার্ষিক)

| ক্রমিক নং | আবেদনকারীর ধরন | তালিকাভুক্তির ফি (টাকা) | নবায়ন ফি (টাকা) |
|---|---|---|---|
| ১। | নিরীক্ষক 'আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষা' | ৫,০০০/= | ২,৫০০/= |
| ২। | নিরীক্ষক 'কস্ট নিরীক্ষা' | ৩,০০০/= | ১,৫০০/= |
| ৩। | এক মালিকানাধীন বা একক নিরীক্ষা ফার্ম | ৫,০০০/= | ২,৫০০/= |
| ৪। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ১৫,০০০/= | ৭,৫০০/= |
| ৫। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জনের অধিক কিন্তু ১০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৩০,০০০/= | ১৫,০০০/= |
| ৬। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (১০ জনের অধিক কিন্তু ২০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৫০,০০০/= | ২৫,০০০/= |
| ৭। | নিরীক্ষা ফার্মের শাখা (প্রত্যেক শাখার জন্য) | ৫,০০০/= | ২,৫০০/= |
| ৮। | বিলম্ব ফি | সর্বনিম্ন ৫,০০/= ও সর্বোচ্চ তালিকাভুক্তির ফি এর সমান | সর্বনিম্ন ৫,০০/= ও সর্বোচ্চ নবায়নের ফি এর সমান |
| ৯। | তথ্য পরিবর্তন ফি | ১,০০০/= | ১,০০০/= |
| ১০। | সনদ ফি (তালিকাভুক্তি ও নবায়ন) | ১,০০০/= | ১,০০০/= |
| ১১। | সনদ সংশোধনের ফি | ১,০০০/= | ১,০০০/= |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুর রউফ তালুকদার**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd